

الدرس التاسع নবম পাঠ

এই পাঠে

মুআন্নাছে মাজাযী ও মুআন্নাছ শব্দ চেনার উপায় নিয়ে আলোচনা করা হয়েছে।

মুআন্নাছে মাজাযীর পরিচয়:

যে সকল শব্দ মহিলা বুঝায় না এবং শব্দের শেষেও মুআন্নাছের কোন আলামত থাকে না (যেমন: শব্দের শেষে গোল তা না থাকা) অথচ আরবরা শব্দটিকে মুআন্নাছরূপে ব্যবহার করেন, সে সকল শব্দকে مؤنث مجازي বা مؤنث سماعي বলে।

মুআন্নাছ চেনার উপায়:

এখন পর্যন্ত মুআন্নাছ শব্দ চেনার তিনটি উপায় সম্পর্কে আমরা জেনেছি। সেই তিনটি উপায় হল:

- শব্দের অর্থ লক্ষ্য করা।
- শব্দের শেষে গোল তা আছে কিনা দেখা।
- আরবদের ব্যবহার থেকে জানা।

প্রশ্নমালা

১. মুআন্নাছে মাজাযী কাকে বলে?
২. মুআন্নাছ শব্দ চেনার উপায় কী কী?